

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সীতাকুণ্ড, চট্টগ্রাম।

স্মারক নং-০০.২০.১৫৮৬.০০৪.৩৬.১১৩.২০১৮- ২১০

তারিখঃ ০৪.০২.২০১৮ খ্রিঃ

হাট/বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সীতাকুণ্ড উপজেলাধীন নিম্নবর্ণিত হাট/বাজার সমূহ আগামী ১৪২৫ বাংলা সনের (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত) জন্য একসনা ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিবর্গ/ইজারাদারদের নিকট হতে সীলমোহরযুক্ত খামে হাট/বাজারের নাম উল্লেখ পূর্বক দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র নিম্নবর্ণিত তারিখ সমূহে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সীতাকুণ্ড, সহকারী কমিশনার(ভূমি), সীতাকুণ্ড এর কার্যালয় ও জেলা প্রশাসক, চট্টগ্রাম মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় রক্ষিত টেণ্ডার বাস্তবে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জমা দেয়া যাবে এবং একই দিন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র সমূহ উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে প্রতিদিন অফিস চলাকালীন সময়ে দরপত্র খোলার পূর্বদিন পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সীতাকুণ্ড, সহকারী কমিশনার (ভূমি), সীতাকুণ্ড এর কার্যালয়, সোনালী ব্যাংক, সীতাকুণ্ড শাখা, সীতাকুণ্ড মডেল থানা ও জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর স্থানীয় সরকার শাখা হতে দরপত্রের সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। এ'ছাড়া বিস্তারিত তথ্য ও শর্তাবলী দরপত্রের সাথে সরবরাহ করা হবে।

কোন হাট/বাজারের প্রথম পর্যায়ে ইজারা দরপত্র গৃহীত হলে পরবর্তী পর্যায়ে ইজারা দরপত্র গ্রহণ করা হবে না এবং ইজারা দরপত্র গৃহীত না হলে ইজারা কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত পর্যায়ক্রমে পরবর্তী তারিখ সমূহে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে। এজন্য প্রত্যেকবার ইজারার দরপত্র দাখিলের জন্য দরপত্র সমূহ নির্ধারিত মূল্যে উল্লেখিত দপ্তর সমূহ হতে ক্রয় করতে হবে।

ক্রমিক নং	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ
১ম পর্যায়	২৫.০২.২০১৮ পর্যন্ত	২৬.০২.২০১৮
২য় পর্যায়	১৩.০৩.২০১৮ পর্যন্ত	১৪.০৩.২০১৮
৩য় পর্যায়	২১.০৩.২০১৮ পর্যন্ত	২২.০৩.২০১৮
৪র্থ পর্যায়	১০.০৪.২০১৮ পর্যন্ত	১১.০৪.২০১৮


১। দরদাতাকে উদ্ধৃত দরের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে জমা দিতে হবে। দরপত্র গৃহীত হলে উক্ত জমাকৃত অর্থ থেকে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।

২। সফল দরদাতাকে তার দাখিলকৃত দরের উপর ৫% আয়কর ও ১৫% মূল্যসংযোজন কর (ভ্যাট) এবং ইজারা মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে নোটিশ প্রাপ্তির ০৭ কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, সীতাকুণ্ড এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্রের সাথে সংযুক্ত বিডি /পে-অর্ডার বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট বাজারটি পুনঃইজারা প্রদান করা হবে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	হাট/বাজারের নাম	সরকারী মূল্য	সিডিউলের মূল্য
১	১নং সৈয়দপুর	মীরেরহাট	১,১২,৩১০/-	১,০০০/-
২		মিয়াজন ভূঁইয়ারহাট	৫০,৯৩০/-	৫০০/-
৩		শেখেরহাট	১,৪২,১২০/-	১০০০/-
৪		তোহরআলী ভূঁইয়ারহাট	৮,২৫০/-	৫০০/-
৫	২নং বাইরায়ালতা	ছোটদারোগারহাট	১,১৪,১৮০/-	১,০০০/-
৬	৪ নং মুরাদপুর	মুরাদপুর বাংলা বাজার	৫,১৭০/-	৫০০/-

ক্র/নং	ইউনিয়নের নাম	হাট/বাজারের নাম	সরকারী মূল্য	সিডিউলের মূল্য
৭	৫ নং বাড়বকুণ্ড	বাড়বকুণ্ড বাজার	৩,১০,৬৪০/-	১৪০০/-
৮		আলী আকবর চৌধুরী হাট	১৬,৮১,৩৫০/-	৩,৭০০/-
৯	৬নং বাঁশবাড়ীয়া	বাঁশবাড়ীয়া বাজার	৪,৫৩,৪২০/-	১৫০০/-
১০	৭ নং কুমিরা	বড় কুমিরা হাট	২৮,০৯,৪০০/-	৬,৪০০/-
১১		মছজিদা বাজার	৬,৬৯,৫৭০/-	২০০০/-
১২	৮নং সোনাইছড়ি	মদনহাট	১,৯৪,৩৭০/-	১০০০/-
১৩		ফুলতলা বাজার	৪,৫৫,৯৫০/-	১৬০০/-
১৪		জোড়আমতল	৭৪,৮০০/-	৫০০/-
১৫		মধুরাম হাট	৭,৯৪২/-	৫০০/-
১৬	৯নং ভাটিয়ারী	ভাটিয়ারী উত্তর বাজার	২,০৪,৮৭৫/-	১,২০০/-
১৭		মাদামবিবিরহাট	১২,৬৯,৯৫০/-	৩,২০০/-
১৮		বানুর বাজার	২০,৯০০/-	৫০০/-
১৯		কদমরসুল বাজার	১,৪২,০১০/-	১,০০০/-
২০	১০নং সলিমপুর	ফৌজদারহাট বাজার	১৫,০৭০/-	৫০০/-

যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(নাজমুল ইসলাম ভূইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
সীতাকুণ্ড, চট্টগ্রাম
ফোন ০৩০২৮৫৬০১১
ফ্যাক্স ০৩০২৮৫৬৪১১

স্মারক নং-০০.২০.১৫৮৬.০০৪.৩৬.১১৩.১৮- ২০

তারিখঃ ৩৪.০২..২০১৮খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

- ১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চট্টগ্রাম।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সীতাকুণ্ড, চট্টগ্রাম।
- ৪। মেয়র, সীতাকুণ্ড পৌরসভা, সীতাকুণ্ড, চট্টগ্রাম।
- ৫। সহকারী কমিশনার(ভূমি), সীতাকুণ্ড, চট্টগ্রাম।
- ৬। অফিসার ইনচার্জ, সীতাকুণ্ড মডেল থানা, চট্টগ্রাম।
- ৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সীতাকুণ্ড, চট্টগ্রাম।
- ৮। উপজেলা.....কর্মকর্তা, সীতাকুণ্ড, চট্টগ্রাম।
- ৯। চেয়ারম্যান (সকল).....ইউনিয়ন পরিষদ, সীতাকুণ্ড, চট্টগ্রাম
- ১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.....ইউনিয়ন ভূমি অফিস, সীতাকুণ্ড, চট্টগ্রাম। সংশ্লিষ্ট বাজারে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।
- ১১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আজাদী, দৈনিক সমকাল এবং 'দৈনিক পূর্বদেশ' পত্রিকা চট্টগ্রাম। উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকার ভিতরের পাতায় আগামী ০৩ দিনের মধ্যে যে কোন একদিন ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ১২। জনাব



(নাজমুল ইসলাম ভূইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
সীতাকুণ্ড, চট্টগ্রাম